**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**www.msw.gov.bd**

বিষয়: **সমাজকল্যাণ মন্ত্রণালয়ের জুন-২০১৮'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **মোঃ জিল্লার রহমান, সচিব,** সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | **২৬ জুন-২০১৮, সকাল ৯.৩০ টা।** |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ # ৩২৩, ভবন # ৬, ৪র্থ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা: **পরিশিষ্ট-'ক'**।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির নির্দেশক্রমে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচি অনুসারে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | **মে**-২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণ | **মে**-২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা হয়। | কোনরূপ সংশোধন/ সংযোজন না থাকায় **মে**-২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। | অতিরিক্ত সচিব (সকল) ও সংস্থা প্রধানগণ, সকম। |
| ২. | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সমাজকল্যাণ মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা সমূহের অগ্রগতি পর্যালোচনা | ক. সভায় জানানো হয় যে, মাননীয় প্রধানমন্ত্রীর ২৩ টি নির্দেশনার মধ্যে ১৮ টি বাস্তবায়িত হয়েছে। ২ নভেম্বর ২০14 তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সমাজকল্যাণ মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ১০ তারিখের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ অব্যাহত আছে। | ক. নির্দেশনাসমূহের হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে মাসের ১০ তারিখের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), সকম ও সংস্থা প্রধানগণ, উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা) |
| | | খ.২৬/০২/২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে 'দারিদ্র্য ও ক্ষুধামুক্ত বাংলাদেশ' বিনির্মাণে 'সমন্বিত ক্ষুদ্র ঋণ কার্যক্রম' এর খসড়া নীতিমালা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিতব্য সভার সিদ্ধান্তের আলোকে 'দারিদ্র্য ও ক্ষুধামুক্ত বাংলাদেশ' বিনির্মাণে 'সমন্বিত ক্ষুদ্র ঋণ কার্যক্রম' এর খসড়া নীতিমালা প্রণয়নের কাজ চূড়ান্ত করতে হবে। | অতিরিক্ত সচিব (কার্যক্রম), সহকারী সচিব, (সানিশা) সকম। |
| ৩. | ডিজিটাল নথি ব্যবস্থাপনা; | মন্ত্রণালয়ের ডিজিটাল নথি ব্যবস্থাপনা কার্যক্রম চলমান রয়েছে। ৩১ মে-২০১৮ পর্যন্ত ডাক গ্রহণ ১৯৭৬টি, অনিষ্পন্ন ডাক ২৫২টি, নোটে নিষ্পন্ন ডাক ১৭২৪টি, পত্র জারী ৪৪৯টি, স্ব উদ্যোগে নোট ৩৮৪ টি, ডাক থেকে সৃজিত নোট ১১২৬টি। প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিবেদন অনুযায়ী ৩১ মে-২০১৮ পর্যন্ত সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অবস্থান চতুর্থ। | ডিজিটাল নথি ব্যবস্থাপনার গতি অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), সকম যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), সকম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | জাতীয় শুদ্ধাচার কৌশল আলোকে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত; | ক.১. শুদ্ধাচার বাস্তবায়ন বিষয়ে কর্মপরিকল্পনার ২০১৭-২০১৮ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন ১৫/০৪/২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | ক.১. শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন নিয়মিত মনিটরিং করতে হবে। | সংস্থা প্রধানগণ এবং যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), উপসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা) সকম। |
| | | খ.১. কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা আইন, ২০০৬ এর বিধিমালা ২০১৮'র খসড়ার বিষয়ে গত ১৬.০৪.২০১৮ তারিখ প্রাথমিক পর্যালোচনার সিদ্ধান্ত মোতাবেক আগামী ১০ কার্য দিবসের মধ্যে খসড়াটি সংশোধন করে পরিমার্জিত কপি পুণরায় এ মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত থাকলেও এখন পর্যন্ত উক্ত খসড়া পাওয়া যায়নি । এ বিষয়ে সমাজসেবা অধিদফতরের প্রতিনিধির বক্তব্যে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন এবং আগামী ৩ দিনের মধ্যে পরিমার্জিত খসড়া মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশ দেন। | খ.১. বিভিন্ন সংস্থার জন্য প্রযোজ্য আইন ও বিধি, বিধিমালা প্রণয়ন ত্বরান্বিত করতে হবে।<br><br>খ.২. কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা আইন, ২০০৬ এর বিধিমালা ২০১৮'র পরিমার্জিত খসড়ার বিষয়ে আলোচনার নিমিত্ত আন্তঃমন্ত্রণালয় সভা আহবান করতে হবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), সংস্থা প্রধানগণ ও উপসচিব (আইন, ও সংস্থা রেজি: অধিশাখা), সকম। |
| | | খ.২. পিতা-মাতার ভরণ-পোষণ বিধিমালা প্রনয়নের বিষয়ে অধিদফতর থেকে খসড়া প্রস্তাব পাওয়া গেছে। বর্তমানে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে খসড়া মতামতটি আপলোড করা হয়েছে এবং এ সংশ্লিষ্ট স্টেক হোল্ডারদের নিকট মতামত আহবান করা হয়েছে। মতামত এখনো পাওয়া যায়নি। | | |
| | | খ.৩. 'দি প্রবেশন অব অফেন্ডার্স অধ্যাদেশ ১৯৬০ যুগোপযোগী করণের নিমিত্ত 'প্রবেশন আইন, ২০১৭' এর খসড়ার কপি মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর হতে পাওয়া গিয়েছিল। প্রাপ্ত খসড়াটি ১০/০১/২০১৮ তারিখের আন্তঃমন্ত্রনালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী খসড়া পরিমার্জিত হয়নি।পুনরায় খসড়া আইনটির পরিমার্জিত কপি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য মহাপরিচালক সমাজসেবা অধিদফতরকে অনুরোধ করা হয়েছে। | খ.৩. 'দি প্রবেশন অব অফেন্ডার্স অধ্যাদেশ ১৯৬০ যুগোপযোগী করণের নিমিত্ত 'প্রবেশন আইন, ২০১৭' এর খসড়ার পরিমার্জিত কপি সমাজসেবা অধিদফতর হতে আগামী ১৫ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | |
| | | খ.৪.'স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন) আইন, ২০১৭' এর আইনের খসড়া প্রনয়নের ক্ষেত্রে ভাষাগত উৎকর্ষ সাধন, বিষয়গত যথার্থতা এবং সংশ্লিষ্ট অপরাপর আইনের সঙ্গে সামঞ্জস্য ও সঙ্গতি বিধানের লক্ষ্যে গঠিত আন্ত:মন্ত্রণালয় কমিটির ২২.০৮.২০১৭ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় ০৪ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের আইন অধিশাখায় প্রেরণ করা হয়েছে।আগামী ২৪/০৫/২০১৮ তারিখে উক্ত আইনের উপর মন্ত্রিপরিষদ বিভাগে সভা আহবান করা হয়েছে। | খ.৪. 'স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন) আইন, ২০১৭' এর আইনের খসড়া পরিমার্জন করে সমাজসেবা অধিদফতর হতে আগামী ১৫ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | খ.৫.বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন ২০১৭ এর প্রণীত খসড়া মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>● খসড়া আইনটি বাংলা ভাষায় প্রমিতকরণ করা হয়েছে।<br>● গত ০৮.০২.২০১৮ খ্রিঃ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে আন্ত:মন্ত্রণালয় সভা হয়েছে।<br>● সর্বশেষ ১৬.০৪.২০১৮ খ্রিঃ তারিখের মন্ত্রিপরিষদ বিভাগের আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী খসড়া আইনটি পুনরায় সংশোধনপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>গ. প্রতিবন্ধী বিষয়ক জাতীয় কর্মপরিকল্পনার চূড়ান্ত খসড়া প্রণয়ন কাজ সম্পন্ন করা হয়েছে \| বর্তমানে প্রণীত খসড়া মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের কাজ চলমান আছে।<br><br>ঘ. সমাজসেবা অধিদফতরের স্মারক নং- ১৯২ তারিখ: ০৯-১০-২০১৭ যোগে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরিত খসড়া নীতিমালার উপর একটি ওয়ার্কশপ আয়োজনের মাধ্যমে খসড়া নীতিমালা অনুমোদনের ব্যবস্থা নেয়া হবে। | গ. প্রতিবন্ধী বিষয়ক জাতীয় কর্মপরিকল্পনার অগ্রগতি অব্যাহত রাখতে হবে।<br><br>ঘ. প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রস্তুতকৃত ডাটা বেইজ ব্যবহার ও প্রকাশ সংক্রান্ত নীতিমালাটি দ্রুত অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা), উপসচিব (প্রতিবন্ধিতা), সকম।<br><br>মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর |
| ৫. | সমাজসেবা অধিদফতর | **সমাজসেবা অধিদফতরের মাঠ পর্যায়ের সকল শূন্য পদ পূরণ সংক্রান্ত তথ্যাদি :**<br><br>**<u>১ম শ্রেণি</u> :**<br><br>□ পরিচালক এর অনুমোদিত পদ সংখ্যা - ১১ টি। শূন্য - নেই।<br>□ অতিরিক্ত পরিচালক এর অনুমোদিত পদ সংখ্যা - ৯ টি। শূন্য - ৩ টি। যা পদোন্নতির মাধ্যমে পূরণ করা হবে।<br>□ উপপরিচালক/সমমান এর অনুমোদিত পদ সংখ্যা - ৯৫ টি। শূন্য - ৭ টি। ১ টি পদ চলতি দায়িত্ব প্রদানের মাধ্যমে পূরণ করা হয়েছে বাকি ০৬ টি শূন্য পদ পদোন্নতির মাধ্যমে পূরণ করা হবে।<br>□ সহকারী পরিচালক অনুমোদিত পদ সংখ্যা - ১২১ টি। শূন্য - ২ টি। যা পদোন্নতির মাধ্যমে পূরণ করা হবে।<br><br>□ সমাজসেবা অফিসার/সমমান (১ম শ্রেণি) অনুমোদিত পদসংখ্যা- ৯৩৫ টি। শূন্য - ২৪৭ টি।<br>□ ২৪৭ এর ১০% রিজার্ভ - ২৫ টি এবং ২০% হিসেবে পদোন্নতির সুযোগ রাখা হয়েছে- ৪৯ টি। ফলে সংরক্ষিত (২৫+৪৯) = ৭৪ টি।<br>□ ২৪৭-৭৪ = ১৭৩ টি শূন্য পদের মধ্যে ১০২ টি পদে পিএসসির সুপারিশের মাধ্যমে সরাসরি নিয়োগ দেয়া হয়েছে। | (১) সমাজসেবা অধিদফতরের পরিচালক, অতিরিক্ত পরিচালক, উপপরিচালক,সহকারী পরিচালক ইত্যাদি ১ম শ্রেণি ও ২য় শ্রেণির শূন্যপদ পূরণের কার্যক্রম চলমান রাখতে হবে।<br><br>(২) ৩য় ও ৪ র্থ শ্রেণীর শূণ্য পদের নিয়োগের নিমিত্ত দ্রুত বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।<br><br>(৩) পদোন্নতি ও শূন্যপদ পূরণের হালনাগাদ তথ্যাদি বিস্তারিতভাবে আগামী সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | - অবশিষ্ট ১৭৩-১০২= ৭১ টি শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত প্রস্তাব প্রেরণের জন্য সমাজসেবা অধিদফতরকে তাগিদপত্র দেয়া হয়েছে।<br>**<u>২য় শ্রেণি</u> :**<br>- সমাজসেবা অফিসার (২য় শ্রেণি)/সমমান অনুমোদিত পদ সংখ্যা- ৪৫৫ টি। শূন্য পদের সংখ্যা-৩২৩ টি।<br>- তন্মধ্যে নবসৃষ্ট সহকারী সমাজসেবা অফিসার পদটি বিদ্যমান নিয়োগ বিধিতে অন্তর্ভুক্ত না থাকায় -২১৩ টি পদ সরাসরি নিয়োগ এবং পদোন্নতির মাধ্যমে পূরণ করা সম্ভব হচ্ছেনা।নিয়োগবিধিতে উক্ত পদসমূহ অন্তর্ভুক্ত করার বিষয়ে সমাজসেবা অধিদফতরে ৩ টি সভা অনুষ্ঠিত হয়েছে। প্রস্তাব শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br>- ৩২৩-২১৩= ১১০ টি পদের ১০% হিসেবে রিজার্ভ ১১ টি পদ।<br>- ১১০-১১ = ৯৯ টি পদের মধ্যে সরাসরি নিয়োগের জন্য ৫৫ জনের প্রস্তাব পিএসসি-তে প্রেরণ করা হয়েছে।<br>- ৯৯-৫৫ = ৪৪ টি পদের মধ্যে ২৮ টি পদ সরাসরি পদোন্নতির জন্য সংরক্ষিত এবং অবশিষ্ট ৪৪-২৮=১৬ টি পদ সরাসরি নিয়োগের প্রস্তাব অধিদফতরে প্রক্রিয়াধীন রয়েছে। এ বিষয়ে প্রস্তাব প্রেরণের জন্য মন্তণালয় হতে সমাজসেবা অধিদফতরকে তাগিদপত্র প্রদান করা হয়েছে।<br>**<u>৩য় শ্রেণি</u>** :<br>মোট অনুমোদিত পদের সংখ্যা : ৬৪৩৬ টি। মোট শূন্য পদের সংখ্যা : ১৫৬১ টি<br>- ৩য় শ্রেণীর সরাসরি নিয়োগযোগ্য ৭২ (বাহাত্তর) টি শূন্য পদে নিয়োগ পরীক্ষা ০৪/৫/২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়েছে।<br>- ৩য় শ্রেণীর বিভিন্ন ক্যাটাগরির ৪০ (চল্লিশ) টি পদে মুক্তিযোদ্ধা কোটায় জনবল নিয়োগের নিমিত্ত ইতোমধ্যে বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটি কর্তৃক সুপারিশ করা হয়েছে। মুক্তিযোদ্ধা সনদ সংক্রান্ত প্রত্যয়ণপত্র পাওয়া গেছে। শীঘ্রই নিয়োগ প্রদান করা হবে।<br>- ৩য় শ্রেণীর ৪১৭ (চারশত সতের) টি শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত মন্ত্রণালয় হতে ছাড়পত্র দেয়া হয়েছে। যথাশীঘ্র সরকারি বিধি-বিধান অনুসরণ পূর্বক সমাজসেবা অধিদফতর হতে পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হবে।<br>- অবশিষ্ট শূন্য পদে সরকারি বিধি-বিধান অনুযায়ী পদোন্নতিযোগ্য পদে পদোন্নতি এবং সরাসরি নিয়োগযোগ্য পদে নিয়োগ প্রদান করা হবে। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **৪র্থ শ্রেণি** :<br><br>মোট অনুমোদিত পদের সংখ্যা : ৪২৬০ টি। মোট শূন্য পদের সংখ্যা : ৪৯৩ টি<br><br> ৪র্থ শ্রেণীর বিভিন্ন ক্যাটাগরির ১৪ (চৌদ্দ) টি পদে মুক্তিযোদ্ধা কোটায় জনবল নিয়োগের নিমিত্ত বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটি কর্তৃক সুপারিশ করা হয়েছে। মুক্তিযোদ্ধা সনদ সংক্রান্ত প্রত্যয়ণপত্র পাওয়া গেছে। শীঘ্রই নিয়োগ প্রদান করা হবে।<br> ৪র্থ শ্রেণীর ২০০ (দুইশত ) টি শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত ছাড়পত্র দেয়া হয়েছে। তার মধ্যে ৭৫ টি পদের নিয়োগ বিজ্ঞপ্তি ০৭/-৫/২০১৮ তারিখে জাতীয় পত্রিকায় প্রকাশ করা হয়েছে। অবশিষ্ট ১২৫ টি পদের নিয়োগ বিজ্ঞপ্তি শীঘ্রই জারি করা হবে।<br>অবশিষ্ট শূন্য পদে সরকারি বিধি-বিধান অনুযায়ী পদোন্নতিযোগ্য পদে পদোন্নতি এবং সরাসরি নিয়োগযোগ্য পদে নিয়োগ প্রদান করা হবে।<br><br>নিয়োগ পরীক্ষায় যেখানে মাত্র.০১% পরীক্ষার্থীর চাকরি পাওয়ার সম্ভাবনা সেখানে সুদূর পঞ্চগড় সহ দেশের প্রত্যন্ত অঞ্চল হতে ঢাকায় এসে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ অমানবিক উল্লেখ করে সভাপতি জানান যে ৭২ টি পদে ১ লক্ষ ১৪ হাজার পরীক্ষার্থী অংশগ্রহণ করায় মাথাপিছু ১ হাজার টাকা খরচ ধরলে মোট ১১ কোটি ৪০ লক্ষ টাকার অপচয় হয়েছে। এভাবে গরীব মানুষের টাকার অপচয় গ্রহণযোগ্য নয়। কাজেই ফ্যামিলি প্ল্যানিং ও প্রাইমারি শিক্ষক নিয়োগ পরীক্ষার আদলে সমাজসেবা অধিদফতরের নিয়োগ পরীক্ষা জেলা সদরে গ্রহণ করা যুক্তিসঙ্গত।এক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সহযোগিতা গ্রহণ করা যেতে পারে। এ বিষয়ে একটি নীতিমালা প্রস্তুতকল্পে এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. মোঃ নাসির উদ্দিন কে আহবায়ক করে ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। সমাজসেবা অধিদফতরের পরিচালক (প্রশাসন), একজন উপপরিচালক এবং মন্ত্রণালয়ের দুজন কর্মকর্তার সমন্বয়ে কমিটি গঠিত হবে। | | |
| ৬. | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ | নিউ ইস্কাটনস্থ নিজস্ব জায়গায় বহুতল বিশিষ্ট ‘‘সমাজকল্যাণ ভবন’’ নির্মাণের ডিপিপি প্রণীত হয়েছে। গত ৩১.১২.২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের পরিচালক হিসেবে নির্বাহী সচিব অতিরিক্ত দায়িত্ব পালন করবেন মর্মে সিদ্ধান্তের আলোকে খসড়া ডিপিপি পুন:সংশোধন করে মন্ত্রণালয় প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয় হতে ইতোমধ্যে ডিপিপি পরিকল্পনা কমিশনেও প্রেরণ করা হয়েছে।<br><br>গত ২৫.০৩.২০১৮ খ্রি: তারিখ পরিকল্পনা কমিশনে | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নিজস্ব জমিতে ‘‘সমাজকল্যাণ ভবন’’ নির্মানের অগ্রগতি নিয়মিত মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রকল্প মূল্যায়ণ কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশোধিত খসড়া ডিপিপি সমাজকল্যাণ মন্তণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে নির্বাহী সচিব সভায় জানান। | | |
| ৭. | শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ) | মিরপুরস্থ আল-নাহিয়ান উচ্চ বিদ্যালয়টিকে লাভজনক করার বিষয়ে নির্বাহী পরিচালক সভায় বিস্তারিত আলোচনা করেন। | মিরপুরস্থ আল-নাহিয়ান উচ্চ বিদ্যালয়টিকে লাভজনক করণে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ)। |
| ৮. | শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প | ১.মৈত্রী শিল্পের উৎপাদিত পানি বাজারজাতকরণে সমাজসেবা অধিদফতরের বিভাগীয় পরিচালকগণ সহায়তা করছেন।<br><br>২.নির্বাহী পরিচালক এবং মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) একত্রে বসে মৈত্রী শিল্পের উৎপাদিত পণ্য সামগ্রীর বাজার দর পর্যালোচনা করে প্লাষ্টিক সামগ্রী লাভজনক করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) মৈত্রী শিল্পের উৎপাদিত পানি বাজারজাতকরণে সমাজসেবা অধিদফতরের বিভাগীয় পরিচালকগণ সহায়তা অব্যাহত রাখবেন।<br>(২)মৈত্রী শিল্পের উৎপাদিত পানি এবং প্লাষ্টিক সামগ্রীর ২০১৭-১৮ অর্থবছরের লাভ লোকসানের হিসাব পৃথকভাবে মাসিক ভিত্তিতে প্রস্তুত করতে হবে এবং এ প্রতিষ্ঠান হতে কতজন প্রতিবন্ধী কিভাবে উপকৃত হয়েছে তার বিস্তারিত তথ্য জুলাই-২০১৮ মাসের প্রথম সপ্তাহে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | নির্বাহী পরিচালক (যুগ্মসচিব), শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প। |
| ০৯. | নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট | দেশের অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের স্বাস্থ্য ও জীবন ঝুঁকি হ্রাস কল্পে তাদেরকে স্বাস্থ্য ও গ্রুপ বীমার আওতায় আনার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | দেশের অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের স্বাস্থ্য ও জীবন ঝুঁকি হ্রাস কল্পে তাদেরকে স্বাস্থ্য ও গ্রুপ বীমার আওতায় আনার বিষয়ে আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে অগ্রগতি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে | ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট |
| ১০. | **বিবধ**<br>ক. অডিট আপত্তি নিষ্পত্তি বিষয়ক; | ক.মে-২০১৮ পর্যন্ত সমাজকল্যাণ মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার সর্বমোট ৯৮১টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। যাতে জড়িত অর্থের পরিমাণ ৯৬,৮৮,৫২,২৯৪/- টাকা।<br><br>**সমাজকল্যাণ মন্ত্রনালয়:** সমাজকল্যাণ মন্ত্রণালয়ে মে-২০১৮ মাসে ১০টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে যার মধ্যে ০৮ টি অডিট আপত্তি নিস্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব স্থানীয় ও রাজস্ব অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। | (১) মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আহবান করতে হবে।<br><br>(২) বিভাগীয় পরিচালক নিজ নিজ বিভাগের অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা করবেন।<br><br>(৩) ৫ হাজার টাকা পর্যন্ত অডিট আপত্তিগুলো নগদ টাকা ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে দপ্তর প্রধানগণ নিষ্পত্তির ব্যবস্থা করবেন। | সংস্থা প্রধানগণ ও যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), সকম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **সমাজসেবা অধিদফতর:** সমাজসেবা অধিদফতরে মে-২০১৮ পর্যন্ত ৯১৮টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। মে-২০১৮ মাসে সমাজসেবা অধিদফতরের ০১ টি অডিট আপত্তির ব্রডশীট জবাব স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br><br>**জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন:** জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন মে-২০১৮ পর্যন্ত ৩৮টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। আগামী মাসে আরো ৪-৫টি অডিট আপত্তি নিষ্পত্তি হবে মর্মে ফাউন্ডেশন হতে জানানো হয়েছে।<br><br>**জাতীয় সমাজকল্যাণ পরিষদ:** জাতীয় সমাজকল্যাণ পরিষদ মে-২০১৮ পর্যন্ত ৩৮টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। মে-২০১৮ মাসে ২ টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে।<br><br>মন্ত্রণালয়ের যুগ্মসচিব (বাজেট) এর সাথে সভা করে অডিট আপত্তিগুলোর শ্রেণীকরণ করার বিষয়ে মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর হতে এখন পর্যন্ত কোন উদ্যোগ গ্রহণ করা হয়নি। | (৪) আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয় ও দপ্তর সংস্থার অডিট আপত্তি নিষ্পত্তির হালনাগাদ তথ্য প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করতে হবে। | |
| | খ. যৌতুক নিরোধ বিষয়ক প্রচারণামূলক কার্যক্রমের মাসিক/ ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত; | খ. যৌতুক নিরোধ বিষয়ক প্রচারণামূলক কার্যক্রমের ফেব্রুয়ারি-২০১৮ হতে মে-২০১৮ মাসের মাসিক প্রতিবেদন স্মারক নং-২৫১ তারিখঃ ২৪/০৬/২০১৮ যোগে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে | খ. যৌতুক নিরোধ বিষয়ক প্রচারণামূলক কার্যক্রমের অগ্রগতি নিয়মিত প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, অতিরিক্ত সচিব (কার্যক্রম),সহকারি সচিব (সানিশা), সকম। |
| | গ.হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি সংক্রান | গ. হিজড়া জনগোষ্ঠীকে অবাসনের মাধ্যমে পুনর্বাসনের নিমিত্ত জমি অধিগ্রহণ বিষয়ে জেলা প্রশাসক বগুড়া এবং জেলা প্রশাসক জামালপুর ব্যতিত অন্য জেলাগুলোর কোন অগ্রগতি নেই। অবশিষ্ট জেলাগুলোর জেলা প্রশাসকগণকে তাগিদপত্র প্রদানের বিষয়টি অধিদফতরে প্রক্রিয়াধীন। | (১) হিজড়া জনগোষ্ঠীকে আবাসনের বিষয়ে ১০ জেলার জেলা প্রশাসক গণের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, অতিরিক্ত সহকারি সচিব (সানিশা), সকম। |
| | ঘ.বিভাগীয় সমাজসেবা কার্যালয় বিষয়ক | ঘ.১.বিভাগীয় পরিচালকগণ তাঁর আওতাধীন বিভিন্ন কার্যালয় পরিদর্শন পূর্বক একটি নির্দিষ্ট ছকে প্রতিবেদন নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করছেন।<br><br>ঘ.২. সমাজসেবা অধিদফতরের নিয়োগ সম্পন্ন হওয়ার পর নিয়োগকৃত জনবল বিভাগ ভিত্তিক বিভাজন করে বিভাগীয় পরিচালকগণের কাছে | ঘ.১. বিভাগীয় পরিচালক গণ তাঁর আওতাধীন বিভিন্ন কার্যালয় পরিদর্শন পূর্বক একটি নির্দিষ্ট ছকে প্রতিবেদন মাসিক সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। | যুগ্মসচিব (কার্যক্রম), বিভাগীয় পরিচালক, সমাজসেবা অধিদফতর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পদায়নের জন্য ন্যস্ত করা হবে। <br><br> ঘ.৩ ১ম শ্রেণীর সমাজসেবা / সমমান এবং ২য় শ্রেণীর কর্মকর্তাদের ব্যক্তিগত নথি এবং চাকুরী সংক্রান্ত যাবতীয় কাগজপত্রাদি সংগ্রহের জন্য সকল বিভাগের পরিচালকগণকে পত্র প্রেরণের বিষয়টি অধিদফতরে প্রক্রিয়াধীন। তাছাড়া ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ব্যক্তিগত নথি এবং চাকুরী সংক্রান্ত যাবতীয় কাগজপত্রাদি স্ব স্ব জেলায় সংরক্ষণ করা হয়। বিধায় ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ব্যক্তিগত নথি এবং চাকুরী সংক্রান্ত যাবতীয় কাগজপত্রাদি বিভাগীয় পরিচালকগণ তাঁর আওতাধীন জেলা সমূহ হতে সংগ্রহ করবেন।. | | |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
**মোঃ জিল্লার রহমান**
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়।